# ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
web : www.islamicfoundation.gov.bd

মুজিববর্ষ MUJIB 100

বিগত ২৬ ফেব্রুয়ারি ২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত ইসলামিক ফাউন্ডেশনের বিশেষ সমন্বয় সভার কার্যবিবরণী।

২৬/০২/২০২০ ইং তারিখ বুধবার, বিকাল ৩:০০টায় ইসলামিক ফাউন্ডেশন প্রধান কার্যালয়ের সভাকক্ষে প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়ের পরিচালক, প্রকল্প পরিচালক, উপ-পরিচালকগণের সমন্বয়ে বিশেষ সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় ধর্ম প্রতিমন্ত্রী ও ইসলামিক ফাউন্ডেশনের বোর্ড অব গভনরস-এর চেয়ারম্যান আলহাজ্ব এডভোকেট শেখ মোঃ আবদুল্লাহ ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ নুরুল ইসলাম, সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়। ফাউন্ডেশনের মহাপরিচালক (সরকারের অতিরিক্ত সচিব), জনাব আনিস মাহমুদ-এর সভাপতিত্বে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রম: | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২০ উদ্‌যাপন উপলক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশনের (কর্মপরিকল্পনা) গত ০৬/০২/২০২০ তারিখে মহাপরিচালক-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ৬৪ জেলা কার্যালয়ের ইসলামিক মিশন, ইমাম প্রশিক্ষণ একাডেমির কার্যালয়ে গত ১৬/০২/২০২০ তারিখে প্রেরণ করা হয়েছে। মুজিববর্ষ ২০২০ উপলক্ষ্যে ১৭ই মার্চ ২০২০ হতে ১৭ই মার্চ ২০২১ পর্যন্ত পর্যায়ক্রমে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক গৃহিত (কর্মপরিকল্পনা) প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ, প্রকল্প কার্যালয়, ইসলামিক মিশন, ইমাম প্রশিক্ষণ একাডেমি ও ৬৪ জেলা কার্যালয় হতে যথারীতি বাস্তবায়ন বিষয়ে সভায় আলোচনা হয়। | (ক) ১৭ই মার্চ ২০২০ ও ১৭ই মার্চ ২০২১ তারিখে দেশের সকল মসজিদে বিশেষ দোয়া, মিলাদ ও মুনাজাতের জন্য বিভাগীয়/জেলা কার্যালয় কর্তৃক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) ইসলামিক ফাউন্ডেশনের ৮টি বিভাগীয় কার্যালয় পর্যায়ে ও প্রধান কার্যালয়ে ১টি সহ মোট ৯টি সেমিনারের আয়োজন করতে হবে।<br>(গ) বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে ১৭ই মার্চ ২০২০ এবং ১৭ই মার্চ ২০২১ তারিখে বায়তুল মুকাররম জাতীয় মসজিদসহ বিভাগীয় প্রসিদ্ধ মসজিদসমূহে যেমন-হেতেম খাঁ রাজশাহী, জমিয়তুল ফালাহ ও আন্দরকিল্লা শাহী জামে মসজিদ চট্টগ্রাম কুরআন খতম, দোয়া, মুনাজাত এবং আলোচনা করার ব্যবস্থা নিতে হবে। | পরিচালক, দ্বিনী দাওয়াত ও সাংস্কৃতিক বিভাগ, পরিচালক, ইসলামিক মিশন, পরিচালক, ইমাম প্রশিক্ষণ একাডেমি প্রকল্প পরিচালক এবং ৬৪ বিভাগীয়/ জেলা কার্যালয়ের পরিচালক/ উপ-পরিচালক |
| ২. | সরকারী ব্যবস্থাপনায় ৬৪ জেলায় হজযাত্রী সংগ্রহের প্রচার-প্রচারণা এবং প্রাকনিবন্ধনের অগ্রগতি; | সরকারী ব্যবস্থাপনায় ৬৪ জেলায় হজযাত্রী সংগ্রহের প্রচার-প্রচারণা এবং প্রাক-নিবন্ধনের জন্য গত ২১/০১/২০২০ এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ১৪/০১/২০২০ তারিখের পত্রের আলোকে প্রতি জেলায় কমপক্ষে ৫০০ জন হাজী সংগ্রহ এবং প্রাক-নিবন্ধনের জন্য ৬৪ জেলা কার্যালয়ে ১১/০২/২০২০ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। সরকারী ব্যবস্থাপনায় ৬৪ জেলায় হজযাত্রীদের প্রাক-নিবন্ধনের প্রচার-প্রচারণা এবং প্রতি জেলায় কমপক্ষে ৫০০ জন হজযাত্রী সংগ্রহের ব্যাপক উদ্যোগ গ্রহণ এবং প্রাক-নিবন্ধনের প্রতিমাসের অগ্রগতির রিপোর্ট প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। সরকারী ব্যবস্থাপনায় ৬১ জেলায় হজযাত্রী সংগ্রহ কার্যক্রমের আলোকে ৪৯৯১ জন হজ্জে গমনেচ্ছুক হজযাত্রী প্রাক-নিবন্ধন সম্পন্ন করেছেন। তবে বান্দরবান, খাগড়াছড়ি এবং নড়াইলের কোনো প্রাক-নিবন্ধন হয়নি। এ বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী সরকারী ব্যবস্থাপনায় ১৭,১৯৮ জন হজ্জযাত্রী সংগ্রহের টার্গেট দেয়া হয়। ৬৪ | (ক) ৬৪ জেলা কার্যালয় হতে সরকারি ব্যবস্থাপনায় ১৭১৯৮ জন হজ্জযাত্রী প্রাক-নিবন্ধনের জন্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রচার-প্রচারণ আরও জোরদার করতে হবে।<br>(খ) হজ্জযাত্রী সংগ্রহ এবং প্রয়োজনীয় প্রচার-প্রচারণা জোরদার করার লক্ষ্যে বিভাগীয় পরিচালকগণ তার অধিনস্থ জেলাগুলোকে সার্বিক মনিটরিং করবেন।<br>(গ) বিভাগীয় পরিচালকগণকে সহযোগিতা করার জন্য ইসলামিক ফাউন্ডেশনের প্রধান কার্যালয়ের নিম্নোক্ত বিভিন্ন বিভাগ/ প্রকল্প পরিচালকগণকে দায়িত্ব দেয়া হলো।<br>(১) রংপুর বিভাগ : পরিচালক, হালাল ও বিশ্বকোষ বিভাগ;<br>(২) রাজশাহী বিভাগঃ পরিচালক, প্রকাশনা বিভাগ;<br>(৩) খুলনা বিভাগ : পরিচালক, ইসলামিক মিশন;<br>(৪) চট্টগ্রাম বিভাগ : পরিচালক, মসজিদ ও মার্কেট বিভাগ;<br>(৫) ময়মনসিংহ বিভাগ : প্রকল্প পরিচালক, ইফা লাইব্রেরী প্রকল্প; | সচিব, ইসলামিক ফাউন্ডেশন এবং সংশ্লিষ্ট কমিটি ৬৪ বিভাগীয়/ জেলা কার্যালয়ের পরিচালক/ উপ-পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জেলা হতে নির্দিষ্ট সময়ের মধ্যে সরকারি ব্যবস্থাপনায় হজ্বযাত্রীর প্রাক-নিবন্ধন সম্পন্ন করার উদ্যোগ নেয়া যেতে পারে। | (৬) ঢাকা বিভাগ : সচিব, ইসলামিক ফাউন্ডেশন;<br>(৭) সিলেট বিভাগ : পরিচালক, দীনি দাওয়াত ও সংস্কৃতি বিভাগ;<br>(৮) বরিশাল বিভাগ : পরিচালক, অনুবাদ ও সংকলন বিভাগ।<br>(ঘ) উক্ত কমিটির পরিচালকগণ প্রতিনিয়ত মনিটরিং করবেন। প্রয়োজন হলে অর্পণকৃত বিভাগ/জেলায় পরিদর্শন করবেন এবং আগামী ০৭ মার্চ ২০২০ তারিখ-এর মধ্যে মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশনের নিকট হাজি সংগ্রহের অগ্রগতি প্রতিবেদন পেশ করবেন। | |
| ৩. | মুজিববর্ষ ২০২০ সামনে রেখে ৬৪ জেলা কার্যালয় পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা; | মুজিববর্ষ ২০২০ সামনে রেখে গ্রাম ও শহরের দাপ্তরিক কার্যালয়, পরিস্কার-পরিচ্ছন্নতা করার স্বল্প মেয়াদী, মধ্যম ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা করে নিজ নিজ দপ্তর পরিস্কার-পরিচ্ছন্নতা রাখা এবং ৬৪ জেলা কার্যালয়ে দেশের সকল মসজিদে পত্র প্রেরণের জন্য গত ১১/১২/২০১৯ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে ৬৪ জেলা কার্যালয়, ৫০টি ইসলামিক মিশন ও ইমাম প্রশিক্ষণ একাডেমিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | মুজিববর্ষ ২০২০ সামনে রেখে গ্রাম ও শহরের দাপ্তরিক কার্যালয়, পরিস্কার-পরিচ্ছন্নতা করার স্বল্প মেয়াদী, মধ্যম ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা করে নিজ নিজ দপ্তর পরিস্কার-পরিচ্ছন্নতা রাখা এবং ৬৪ জেলা কার্যালয়ে দেশের সকল মসজিদে পত্র প্রেরণের বিষয়ে ৬৪ জেলা কার্যালয়, ৫০টি ইসলামিক মিশন ও ইমাম প্রশিক্ষণ একাডেমিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ৬৪ বিভাগীয়/ জেলা কার্যালয়ের পরিচালক/ উপ-পরিচালক, পরিচালক, মিশন, পরিচালক, ইমাম প্রশিক্ষণ একাডেমি। |
| ৪. | জানুয়ারি-২০২০ পর্যন্ত ছক অনুযায়ী মাসিক আর্থিক রিপোর্ট; | জানুয়ারি ২০২০ পর্যন্ত অর্থ ও হিসাব বিভাগ কর্তৃক প্রেরিত ছক অনুযায়ী মাসিক আর্থিক রিপোর্ট ৬৪ জেলা হতে প্রতি মাসে রিপোর্ট প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | (ক) অর্থ ও হিসাব বিভাগ থেকে ১০/০২/২০২০ তারিখে প্রেরিত পত্রের ৪৩ কোড নম্বর অনুযায়ী মাসিক আর্থিক রিপোর্ট ইসলামিক ফাউন্ডেশনের ৬৪ বিভাগীয়/ জেলা কার্যালয় হতে পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ বরাবর প্রেরণ করতে হবে।<br>(খ) প্রতিবছরের বাজেট বরাদ্দ অনুযায়ী অর্থ বছরের মধ্যেই আর্থিক ব্যয়ের বিষয়ে ব্যবস্থা নিতে হবে। | পরিচালক, অর্থ ও হিসাব এবং ৬৪ বিভাগীয়/ জেলা কার্যালয়ের পরিচালক/ উপ-পরিচালক |
| ৫. | ইমাম প্রশিক্ষণ একাডেমি এবং ইমাম মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্টের কার্যক্রম; | (ক) ইমাম প্রশিক্ষণ একাডেমির ৭টি কেন্দ্রে নিয়মিত ইমাম প্রশিক্ষণ যথারীতি চলছে শুরু হতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত ১,০২,৫৩৩ জন ইমামকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। নিয়মিত ইমাম প্রশিক্ষণ, রিফ্রেশাস প্রশিক্ষণ এবং অন্যান্য প্রশিক্ষণ ও বার্ষিক পরিকল্পনা অনুযায়ী সম্পন্ন করা যেতে পারে।<br>(খ) ইমাম মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্টের ৬৪ জেলার কার্যক্রম বার্ষিক পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন করার বিষয়ে সভায় আলোচনা হয়। | (ক) ইমাম প্রশিক্ষণ একাডেমির ইমামদের প্রশিক্ষণে ৪৫ দিনের রিফ্রেসার্স কোর্সে মানব সম্পদ উন্নয়ন, কারিগরীসহ বিভিন্ন নতুন নতুন বিষয় সংযোজনের ব্যবস্থা নিতে হবে।<br>(খ) মানসম্পন্ন প্রশিক্ষকদের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করতে হবে।<br>(গ) ইমাম মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্টের ৬৪ জেলার কার্যক্রম বার্ষিক পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন করতে হবে। | পরিচালক ইমাম প্রশিক্ষণ একাডেমি |
| ৬. | সন্ত্রাস-জঙ্গিবাদ প্রতিরোধ কার্যক্রম অব্যাহত রাখা; | সন্ত্রাস-জঙ্গিবাদ প্রতিরোধে করণীয় বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে দেশের সকল মসজিদে জুম'আর খুৎবায় আলোচনা করার জন্য ৬৪ বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে মসজিদের ইমাম/ খতিবগণকে পত্র প্রেরণের জন্য গত ০৭/১১/১৯ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে এবং গত ৩১/১২/২০১৯ তারিখে প্রতি মাসের রিপোর্ট প্রদানের জন্য একটি ছক তৈরী করে ৬৪ জেলায় প্রেরণ করা হয়েছে। ৬৪ জেলা হতে সন্ত্রাস-জঙ্গিবাদ প্রতিরোধে কার্যক্রমের রিপোর্ট প্রতি মাসে ১০ তারিখের মধ্যে সমন্বয় বিভাগে প্রেরণের পর ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হয়। প্রেক্ষিতে, | (ক) সন্ত্রাস-জঙ্গিবাদ প্রতিরোধে করণীয় বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে দেশের সকল মসজিদে জুম'আর খুৎবায় আলোচনা করার জন্য ৬৪ বিভাগীয়/ জেলা কার্যালয়ের মাধ্যমে সন্ত্রাস-জঙ্গিবাদ প্রতিরোধে কার্যক্রমের রিপোর্ট প্রতি মাসে ৫ তারিখের মধ্যে সমন্বয় বিভাগে প্রেরণের পর ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে প্রতিমাসের ১০ তারিখের মধ্যে প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>(খ) সন্ত্রাস-জঙ্গিবাদ প্রতিরোধে করণীয় বিষয়ে সকল মসজিদে পত্র প্রেরণ সংক্রান্ত কাজের ব্যয় নির্বাহের বিষয়ে বরাদ্দ প্রদানের জন্য ধর্ম বিষয়ক | পরিচালক, সমন্বয় বিভাগ এবং ৬৪ বিভাগীয়/ জেলা কার্যালয়ের পরিচালক/ উপ-পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রতিমাসে রিপোর্ট প্রেরণ নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা হয়। | মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। | |
| ৭. | ইসলামিক ফাউন্ডেশনের প্রকাশনা বিভাগের কার্যক্রম ও পুস্তক বিক্রয়ের অগ্রগতি; | ইসলামিক ফাউন্ডেশনের প্রকাশনা বিভাগ কর্তৃক ৬৪ জেলায় পুস্তক বিক্রয়ের লক্ষমাত্রা বাস্তবায়ন ও প্রতি মাসের পুস্তক বিক্রয়ের রিপোর্ট ৬৪ জেলা হতে প্রকাশনা বিভাগে প্রেরণ করা যেতে পারে। ইসলামিক ফাউন্ডেশনে যে সকল পুস্তকের চাহিদা আছে কিন্তু মুদ্রণ নেই সুতরাং ৬৪ জেলায় গুরুত্বপূর্ণ পুস্তকের চাহিদা আছে তার একটি তালিকা প্রকাশনা বিভাগে প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | (ক) ইসলামিক ফাউন্ডেশনের প্রকাশনা বিভাগ কর্তৃক ৬৪ জেলায় পুস্তক বিক্রয়ের লক্ষমাত্রা বাস্তবায়ন ও প্রতি মাসের পুস্তক বিক্রয়ের রিপোর্ট ৬৪ জেলা হতে প্রকাশনা বিভাগে প্রেরণ করতে হবে।<br>(খ) ইসলামিক ফাউন্ডেশনের প্রকাশিত যে সকল পুস্তকের চাহিদা আছে কিন্তু মুদ্রণ নেই, ৬৪ জেলায় গুরুত্বপূর্ণ পুস্তকের চাহিদা আছে তার একটি তালিকা প্রকাশনা বিভাগে ১০/৩/২০২০ তারিখের মধ্যে ৬৪ জেলা হতে প্রেরণ করতে হবে।<br>(গ) ৬৪ জেলার লাইব্রেরিতে সংরক্ষিত পুস্তকাদি সুচারুপূর্ণভাবে রাখার ব্যবস্থা করতে হবে। বিক্রয় অযোগ্য বইসমূহের তালিকা তৈরি করে প্রকাশনা বিভাগে প্রেরণ করতে হবে।<br>(ঘ) বই বিক্রয় বৃদ্ধির জন্য ৬৪ জেলায় প্রচার-প্রচারনার প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে।<br>(ঙ) ইসলামিক ফাউন্ডেশনের অনুবাদ বিষয়ক কি কি বই অনুবাদ করা যেতে পারে; পাঠক চাহিদার আলোকে বিভাগ ও জেলা কার্যালয় থেকে একটি তালিকা প্রস্তুত করে পরিচালক, অনুবাদ ও সংকলন বিভাগে প্রেরণ করতে হবে। | পরিচালক, প্রকাশনা বিভাগ; পরিচালক, অনুবাদ ও সংকলন বিভাগ এবং ৬৪ বিভাগীয়/ জেলা কার্যালয়ের পরিচালক/ উপ-পরিচালক, সংশ্লিষ্ট কমিটি। |
| ৮. | ইসলামিক ফাউন্ডেশনের ৮টি বিভাগের অধিনস্থ ৬৪ জেলার বার্ষিক বাজেট বরাদ্দ অনুযায়ী কার্যক্রম (কর্মসূচি) বাস্তবায়ন; | ইসলামিক ফাউন্ডেশনের ৬৪ জেলা, ৫০টি ইসলামিক মিশন, ০৭টি ইমাম প্রশিক্ষণ একাডেমিতে ২১ ফেব্রুয়ারি, ১৭ মার্চ, ২২ মার্চ, ২৬ মার্চ, ১৫ আগস্ট, ১৬ ডিসেম্বর, ঈদে মিলাদুন্নবী (সা)সহ বিভিন্ন ধর্মিয় ও রাষ্ট্রিয় অনুষ্ঠানে বাজেট অনুযায়ী সম্পন্ন করা যেতে পারে। সকল আলোচনা সভায় ইসলামের প্রচার-প্রসারে বঙ্গবন্ধুর অবদানসহ বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের বিষয়ে অন্তর্ভূক্ত করার বিষয়ে সভায় আলোচনা হয়। | (ক) ইসলামিক ফাউন্ডেশনের ৬৪ জেলা, ৫০টি ইসলামিক মিশন, ০৭টি ইমাম প্রশিক্ষণ একাডেমিতে ২১ ফেব্রুয়ারি, ১৭ মার্চ, ২২ মার্চ, ২৬ মার্চ, ১৫ আগস্ট, ১৬ ডিসেম্বর, ঈদে মিলাদুন্নবি (সা) সহ বিভিন্ন ধর্মীয় ও রাষ্ট্রীয় অনুষ্ঠান বাজেট বরাদ্দ অনুযায়ী সম্পন্ন করতে হবে।<br>(খ) সকল আলোচনা সভায় ইসলামের প্রচার-প্রসারে বঙ্গবন্ধুর অবদানসহ বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের বিষয়ে অন্তর্ভুক্ত করতে হবে। | ৬৪ বিভাগীয়/ জেলা কার্যালয়ের পরিচালক/ উপ-পরিচালক |
| ৯. | ইসলামিক ফাউন্ডেশনের ৬৪ জেলা কার্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) সংক্রান্ত রিপোর্ট; | ইসলামিক ফাউন্ডেশনের ৬৪ জেলা কার্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) জেলা কার্যালয়ের বিভাগের সাথে, বিভাগীয় কার্যালয় মহাপরিচালকের সাথে ২০২০ সনের ১৭ জেলা চুক্তি সম্পাদন করেছে। যে সকল জেলা এখনো চুক্তি সম্পাদন করেননি সেই জেলা ২৯ ফেব্রুয়ারী-২০২০ এর মধ্যে অতি দ্রুত সম্পন্ন করে পরিকল্পনা বিভাগে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | যে সকল জেলা এখনো চুক্তি সম্পাদন করেননি সেই সকল জেলা ১০ মার্চ-২০২০ এর মধ্যে চুক্তি সম্পাদন করে পরিকল্পনা বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। | পরিচালক, পরিকল্পনা বিভাগ এবং ৬৪ বিভাগীয়/ জেলা কার্যালয়ের পরিচালক/ উপ-পরিচালক |
| ১০. | ৬৪ জেলা, উপজেলা পর্যায়ে ৫৬০ মডেল মসজিদ ও ইসলামী সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন প্রকল্পের নির্মাণ কাজের অগ্রগতি; | (ক) ইসলামিক ফাউন্ডেশনের ৬৪ জেলা, উপজেলা পর্যায়ে ৫৬০ মডেল মসজিদ ও ইসলামী সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন প্রকল্পের নির্মাণ কাজের ডিপিপি অনুযায়ী সম্পন্ন করা যেতে পারে।<br>(খ) ৬৪ জেলার সকল উপজেলায় মডেল মসজিদ নির্মাণ কাজের প্রতি মাসে অগ্রগতির রিপোর্ট প্রকল্প কার্যালয়ে প্রেরণ করা যেতে পারে।<br>(গ) স্থানীয় গনপূর্ত বিভাগ কর্তৃক ৬৪ জেলার | (ক) ইসলামিক ফাউন্ডেশনের ৬৪ জেলা, উপজেলা পর্যায়ে ৫৬০ মডেল মসজিদ ও ইসলামী সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন প্রকল্পের নির্মাণ কাজের ডিপিপি অনুযায়ী সম্পন্ন করতে হবে।<br>(খ) ৬৪ জেলার সকল উপজেলায় মডেল মসজিদ নির্মাণ কাজের প্রতি মাসে অগ্রগতির রিপোর্ট প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>(গ) স্থানীয় গনপূর্ত বিভাগ কর্তৃক ৬৪ জেলার ৫৬০টি মসজিদ নির্মাণ কাজের পরিদর্শন করে | প্রকল্প পরিচালক ৫৬০ মডেল মসজিদ ও ইসলামী সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন প্রকল্প এবং ৬৪ বিভাগীয়/ জেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৫৬০টি মসজিদ নির্মাণ কাজের পরিদর্শন করে অগ্রগতি রিপোর্ট প্রদানে সহযোগিতা করার জন্য প্রকল্প কার্যালয় হতে ৬৪ জেলার স্থানীয় গনপূর্ত বিভাগের প্রধানকে পত্র দেয়ার বিষয়ে সভায় আলোচনা হয়। | অগ্রগতি রিপোর্ট প্রদানে সহযোগিতা করার জন্য প্রকল্প কার্যালয় হতে ৬৪ জেলার স্থানীয় গনপূর্ত বিভাগের প্রধানকে পত্র দিতে হবে। (ঘ) যে সকল জেলা/উপজেলায় জমি রেজিস্ট্রেশন বাকি রয়েছে তা দ্রুত নিষ্পন্ন করতে হবে। রেজিস্ট্রেশনের খরচ প্রকল্প কার্যালয় হতে প্রেরণ করা হবে। (ঙ) জমি অধিগ্রহণের বিষয়ে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | কার্যালয়ের পরিচালক/ উপ-পরিচালক |
| ১১. | ই-ফাইলিং চালু; | ৬৪ জেলা ও ইমাম প্রশিক্ষণ একাডেমির নথি কার্যক্রম ই-ফাইলে বাস্তবায়নের উদ্যোগ নেয়ার ৬৪ জেলার জেলা প্রশাসকের সহযোগিতায় ই-ফাইলিং প্রশিক্ষণ গ্রহণ এবং ই-নথি জরুরীভাবে চালু করা নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা হয়। | ৬৪ জেলা, ইমাম প্রশিক্ষণ একাডেমি এবং ইসলামিক মিশনে নথি কার্যক্রম ই-ফাইলে বাস্তবায়নের উদ্যোগ নেয়ার জন্য ৬৪ জেলার জেলা প্রশাসকের সহযোগিতায় ই-ফাইলিং প্রশিক্ষণ গ্রহণ এবং ই-নথি জরুরীভাবে চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক, ইপ্রএ; পরিচালক, মিশন এবং ৬৪ বিভাগীয়/ জেলা কার্যালয়ের পরিচালক/ উপ-পরিচালক |
| ১২. | ৮টি বিভাগীয় কার্যালয়ের অধিনস্থ জেলার বিভিন্ন কার্যক্রম সম্পর্কে বিভাগওয়ারী সভায় পর্যায়ক্রমে আলোচনা; | ৮টি বিভাগীয় কার্যালয়ের অধিনস্থ ৬৪ জেলার সম্পদ রক্ষনাবেক্ষন, বাউন্ডারি ওয়াল, জনবল শূন্য, বিভাগীয় পর্যায় ভবনের রক্ষণাবেক্ষন ব্যয়, ৮টি বিভাগীয় পর্যায় মাসিক সমন্বয় সভা ইত্যাদি বিভিন্ন কার্যক্রম সম্পর্কে সভায় পর্যায়ক্রমে আলোচনা হয়। | (ক) ইসলামিক ফাউন্ডেশনের বিভিন্ন বিভাগ/জেলা পর্যায়ে নিজস্ব সম্পদের রক্ষণাবেক্ষণের জন্য বাউয়াডারী ওয়াল/ কাঁটাতার দেয়ার বিষয়ে স্ব স্ব বিভাগ/ জেলা কার্যালয় হতে সমন্বয় বিভাগে পত্র প্রেরণ করতে হবে। (খ) ইসলামিক ফাউন্ডেশনের প্রধান কার্যালয়সহ বিভিন্ন বিভাগ/ জেলা কার্যালয়ে জনবলের চাহিদা ও পদশূন্য রয়েছে, তা উল্লেখপূর্বক প্রশাসন বিভাগে পত্র প্রেরণ করতে হবে। (গ) বিভাগীয় পর্যায়ে নিজস্ব ভবন আছে তবে রক্ষণাবেক্ষণের কোনো বরাদ্দ নেই। উক্ত বিষয়ে পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ পরীক্ষা-নিরীক্ষা করে বাজেট বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। (ঘ) ৮টি বিভাগীয় পর্যায়ে মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। সভায় জেলার সকল উপ-পরিচালকগণের উপস্থিতি নিশ্চিত করতে হবে। (ঙ) ৮টি বিভাগীয় পর্যায় মাসিক সমন্বয় সভায় প্রধান কার্যালয় হতে পরিচালক/উপ-পরিচালক পর্যায় একজন প্রতিনিধি বিভাগের সমন্বয় সভায় উপস্থিত থাকবেন। বিভাগওয়ারী মাসিক সমন্বয় সভার তারিখ মহাপরিচালক কর্তৃক আলোচনা করে নির্ধারণ করা হবে। প্রয়োজনে ভিডিও কনফারেন্সের মাধ্যমে মহাপরিচালক সভায় যুক্ত থাকবেন। (চ) ৮টি বিভাগীয় কার্যালয়ের অধিনস্থ জেলাসহ ৮টি বিভাগীয় পর্যায় প্রতিমাসে মাসিক সমন্বয় সভা প্রতি মাসের জেলা প্রশাসক কার্যালয়ে উন্নয়ন সভার ৩ দিন পূর্বে অনুষ্ঠিত হবে। | সচিব, ইসলামিক ফাউন্ডেশন<br>৬৪ বিভাগীয়/ জেলা কার্যালয়ের পরিচালক/ উপ-পরিচালক |
| ১৩. | ৬৪ বিভাগীয়/ জেলা কার্যালয়ের পরিদর্শন; | (ক) ইসলামিক ফাউন্ডেশনের ৬৪ বিভাগীয়/জেলা কার্যালয়ের পরিচালক/উপ-পরিচালকগণ মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম পরিদর্শন করেন। একই সাথে মসজিদ | (ক) ইসলামিক ফাউন্ডেশনের ৬৪ বিভাগীয়/জেলা কার্যালয়ের পরিচালক/উপ-পরিচালকগণ মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম পরিদর্শন করেন। একই সাথে মসজিদ | সচিব, ইসলামিক ফাউন্ডেশন; প্রকল্প |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ প্রকল্পের ৬৪ জেলার ৫৫৫টি মডেল লাইব্রেরীও পরিদর্শন করা যেতে পারে।<br>(খ) ৮টি বিভাগীয় পরিচালকগণ প্রতিমাসে তাদের অধিনস্থ জেলার কার্যক্রম পরিদর্শন করে একই সাথে মডেল লাইব্রেরীও পরিদর্শন করা যেতে পারে।<br>(গ) ৬৪ জেলার পরিচালক/উপ-পরিচালকগণ জেলায় কি কি পরিদর্শন করবেন তার কর্মসূচি তৈরী করে সমন্বয় বিভাগ হতে ৬৪ জেলায় প্রেরণ করা যেতে পারে।<br>(ঘ) প্রধান কার্যালয়ের পরিচালক/প্রকল্প পরিচালকগণ ৬৪ জেলা পর্যায়ক্রমে মাসে ২/৩ টি জেলা পরিদর্শন করা যেতে পারে। যে বিভাগ/প্রকল্প কার্যালয় হতে পরিদর্শন করবে সেই বিভাগ/ প্রকল্প কার্যালয় হতে টিএ/ডিএ প্রাপ্য হবেন মর্মে সভায় আলোচনা হয়। | পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ প্রকল্পের ৬৪ জেলার ৫৫৫টি মডেল লাইব্রেরীও পরিদর্শন করতে হবে।<br>(খ) ৬৪ জেলার পরিচালক/উপ-পরিচালকগণ জেলায় কি কি পরিদর্শন করবেন তার কর্মসূচি তৈরী করে মহাপরিচালকের অনুমোদনক্রমে সমন্বয় বিভাগ হতে ৬৪ জেলায় প্রেরণ করতে হবে।<br>(গ) প্রধান কার্যালয়ের পরিচালক/প্রকল্প পরিচালকগণ ৬৪ জেলা পর্যায়ক্রমে মাসে ২/৩ টি জেলা পরিদর্শন করা যেতে পারে। যে বিভাগ/প্রকল্প কার্যালয় হতে পরিদর্শন করবে সেই বিভাগ/ প্রকল্প কার্যালয় হতে টিএ/ডিএ প্রাপ্য হবেন। | পরিচালক, মউশিক; প্রকল্প পরিচালক, মসজিদ পাঠাগার; এবং ৬৪ বিভাগীয়/ জেলা কার্যালয়ের পরিচালক/ উপ-পরিচালক |
| ১৪. | খতিবের বেতন বৃদ্ধি। | হেতেম খাঁ মসজিদ রাজশাহী খতিবের বেতন বর্তমানে ১৫০০০/-টাকা । যা বৃদ্ধি করা যেতে পারে। | হেতেম খা মসজিদের খতিবের বেতন সাকুল্যে ২০,০০০/- টাকা ধার্য করা যেতে পারে। পরবর্তীতে বিধিমোতাবেক খতিব নিয়োগ করা হবে। | সচিব, ইফা ও পরিচালক অর্থ ও হিসাব |

সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

আনিস মাহমুদ
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ইসলামিক ফাউন্ডেশন।
ফোন : ৮১৮১৫১৬
email : dg_if@yahoo.com